

ক্যাশটনমেন্ট বোর্ড  
ঢাকা ক্যাশটনমেন্ট।  
=====

ঢাকা ক্যাশটনমেন্ট বোর্ডের ২৭-৮-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।  
=====

ঢাকা ক্যাশটনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট কর্নেল মনিরুজ্জামান খান, পিএসসি'র সভাপতিত্বে ক্যাশটনমেন্ট বোর্ড অফিসে ২৭-৮-৯২ ইং বেলা ১০-০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় সদস্যবর্গের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

- |     |  |              |              |
|-----|--|--------------|--------------|
| ১।  | লেঃ কর্নেল মুহঃ আসাদুল ইসলাম<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস।                                | - সদস্য      | - উপস্থিত।   |
| ২।  | উইং কমান্ডার মাসিদুর রহমান<br>প্রশাসনিক শাখা,<br>বি এ এফ বেস বাশার, ঢাকা সেনানিবাস।                  | - সদস্য      | - উপস্থিত।   |
| ৩।  | মেজর মোঃ শামছুল হক<br>অধিনায়ক, এস এ ই চ এ<br>এস ই এম ও'র প্রতিনিধি, সি এম এ ই চ,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য      | - উপস্থিত।   |
| ৪।  | লেঃ এম জি হোসেন<br>বি এন এস হাজী ম হসিন,<br>ঢাকা সেনানিবাস।  | - সদস্য      | - উপস্থিত।   |
| ৫।  | ফাঃ লেঃ (অবঃ) এ বি এম এ রশিদ<br>ডি ও এ ই চ এস, বনানী,<br>ঢাকা সেনানিবাস।                             | - সদস্য      | - উপস্থিত।   |
| ৬।  | জনাব মোঃ আবদুল ওয়াহাব<br>প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট,<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।                | - সদস্য      | - উপস্থিত।   |
| ৭।  | লেঃ কর্নেল (অবঃ) শামছুল হক<br>ডি ও এ ই চ এস, বনানী এর প্রতিনিধি।                                     | - সদস্য      | - অনুপস্থিত। |
| ৮।  | উইং কমান্ডার (অবঃ) এম, শামছুর রহমান<br>ডি ও এ ই চ এস বনানী এর প্রতিনিধি।                             | - সদস্য      | - উপস্থিত।   |
| ৯।  | কমান্ডার (অবঃ) টি, আই, এম, নরুন্ন নবী<br>ডি ও এ ই চ এস মহাখালী এর প্রতিনিধি।                         | - সদস্য      | - উপস্থিত।   |
| ১০। | লেঃ কর্নেল (অবঃ) শামছুল আলম জোয়ারদার<br>ডি ও এ ই চ এস মহাখালী এর প্রতিনিধি।                         | - সদস্য      | - অনুপস্থিত। |
| ১১। | জনাব মোঃ আবদুল করিম<br>ক্যাশটনমেন্ট একজিকিউটিভ অফিসার,<br>ঢাকা সেনানিবাস।                            | - সেক্রেটারী | - উপস্থিত।   |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে সুাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর আলোকে বিস্মারিত আলোচনানে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় :-

প্রস্তাব নং-৯ঃ বিগত ০৮-৭-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অনুমোদনঃ

বিগত ০৮-৭-৯২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অনুমোদনের জন্য উহা সভায় পাঠ  
করিয়া শুনানো হয়।

গৃহীত সিদ্ধান্তঃ উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল। উক্ত সভার ৩ নম্বর সিদ্ধান্তের আলোকে  
সি জি এ ই চ এর জন্য গঠিত কমিটির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভায় পরামর্শ দেওয়া হয়।

স্মারক নং-২ : ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই'১২ মাসের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া :

ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই'১২ হং মাসের আয়-ব্যয়ের হিসাব অবহিত হওয়া ।

হীত সিদ্ধান্ত : অবহিত হওয়া গেল ।

স্মারক নং-৩ : এস ই এম ও'র জুলাই, ১৯১২ হং এর মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া :

এস ই এম ও'র জুলাই'১৯১২ হং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া ।

হীত সিদ্ধান্ত : উক্ত প্রতিবেদন অবহিত হওয়া গেল ।

স্মারক নং-৪ : বনানী ডিও এইচ এস এলাকায় মহিলা সমিতি কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের সম্প্রদায় সঙ্গীত পুস্তক প্রসংগে ।

বনানী ডিও এইচ এস মহিলা সমিতির সভানেত্রী মিসেস মাহমুদা খানের জুন, ১২ হং মাসের আবেদনের প্রেক্ষিতে উক্ত এলাকায় স্থাপিত প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষ বর্ধিত করার বিষয় বিবেচনা করণ ।

হীত সিদ্ধান্ত : সব দিক বিবেচনায় প্রস্তাবটি অনুমোদন করা গেল না ।

স্মারক নং-৫ : মহাখালী ডিও এইচ এস এলাকার ২০৯ নং বাড়ীর সামনে গাছ কাটা পুসংগে ।

মহাখালী ডিও এইচ এস এলাকার ২০৯ নং বাড়ীর সামনের পতিত জমিতে রোপিত গাছ সমূহ না কাটার ব্যাপারে উক্ত প্লটের মালিক মিসেস নাসরীন আশরাফ এর গত ০১-৮-১২ হং তারিখের আবেদন পত্র পর্যালোচনা করণ ।

হীত সিদ্ধান্ত : বোর্ডের সম্মানিত সদস্য কমান্ডার (অবঃ) টি, আই, এম, নূরুন নবী বিষয়টির ব্যাপারে আগামী সভার পূর্বে একটি প্রতিবেদন পেশ করিবেন ।

স্মারক নং-৬ : মহাখালী ডিও এইচ এস এলাকার প্লট নং-বি/১৬৪ এর মধ্যে লেট্রিন এবং সার্ভেইন্স কক্ষ নির্মাণের ব্যাপারে অস্তিত্যোগ ।

প্লট নং-বি/১৬৪ এর মধ্যে লেট্রিন এবং সার্ভেইন্স কক্ষ নির্মাণের ব্যাপারে লেঃ কর্নেল (অবঃ) বীর নজরুল ইসলাম কর্তৃক গত ২০-৭-১২ হং তারিখে লিখিত অস্তিত্যোগের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহন ।

গৃহীত সিদ্ধান্ত : উক্ত নির্মাণ কার্যাদী বাহ-ল' মোতাবেক হইয়াছে কি না বা অনুমোদিত প্ল্যান মোতাবেক হইয়াছে কি না তাহা ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ওহা পরিদর্শন করতঃ একটি রিপোর্ট আগামী সভায় পেশ করিবেন বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইল ।

স্মারক নং-৭ : মহাখালী ডিও এইচ এস এলাকার প্লট নং-বি/১০২ এর সামনে গতিরোধক রাখা পুসংগে ।

মহাখালী ডিও এইচ এস প্লট নং-বি/১০২ এর সামনে বর্তমানে অবস্থিত গতিরোধক বহাল রাখার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গৃহন ।

গৃহীত সিদ্ধান্ত : বর্তমানে স্থাপিত গতিরোধকটি যথা স্থানে থাকিবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইল ।

স্মারক নং-৮ : মহাখালী ডিও এইচ এস এলাকার শিশু পার্ক সার্চ লাইট স্থাপন পুসংগে ।

মহাখালী ডিও এইচ এস এলাকার শিশু পার্কের ভিতরস্থ ফুটপাথের পার্শ্বে সার্চ লাইট স্থাপনের নিমিত্ত মোট ২, ০৫, ০০০/= (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত : সার্চ লাইটের পরিবর্তে উক্ত স্থানে টিউব লাইট স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল এবং সার্চ লাইট স্থাপনের ২, ০৫, ০০০/= টাকার মূল্যানুমানের পরিবর্তে টিউব লাইট স্থাপনের জন্য ২, ০৩, ৭৯৫.৭৫ টাকার ( ১৯৯০ হং সনের এম ই এস সিডিউল অব রেইটস মোতাবেক ) মূল্যানুমান অনুমোদন করা গেল । এই ব্যাপারে অর্থ বরাদ্দের জন্য অধিদপ্তরে প্রস্তাবটি প্রেরণ করা হোক । মহাখালী ডিও এইচ এস এর প্রতিনিধি সদস্য কমান্ডার (অবঃ) টি আই এম নূরুন নবী এ ধরনের ব্যয়কে অপয়োজনীয় বলিয়া সভায় ঘনুব্য করেন ।

প্রসূাব নং-৯ : কল্যাণ মূলক প্রকল্প বাসুবাযন প্রসংগে ।

কল্যাণ মূলক প্রকল্প বাসুবাযনের নিমিত্ত জমি বরাদ্দের ব্যাপারে সাত্ত্বস অধিদপ্তরের ২৫-৬-৯২ ইং তারিখের ৬/এমএলএনডসি/এমই ৩/৪৯৭/শা-৩/২ নং পত্রের "ক" ও "চ" অনুচ্ছেদ অনুযায়ী সিদ্ধান্ত গৃহন ।\*

গৃহীত সিদ্ধান্ত : উক্ত স্থানে ক্যাশনমেন্ট বোর্ড, ঢাকার আয় বৃদ্ধি কলেজ <sup>প্রকল্প</sup> সিনেমা হল নির্মিত হইবে বলিয়া সত্যায়িত বয়স্ক করা হয় । যাহা হউক, উক্ত স্থানে কি কল্যাণ মূলক বাসুবাযনের পরিকল্পনা আছে তাহা সেনাসদর হইতে জানার জন্য পত্র লিখা হউক ।

প্রসূাব নং-১০ : প্রতিভেট ফান্ড হিসাব হইতে সাধারণ তহবিলে ঋণ গ্রহণের অনুমোদন ।

জেনারেল ফানেট অর্থের অপূর্ণতার কারণে ক্যাশনমেন্ট বোর্ড কর্মকর্তা ও কর্মচারীদের জুলাই, ৯২ ইং মাসের বেতন (যাহা আগস্ট, ৯২ ইং প্রদেয়) দেওয়ার নিমিত্ত প্রতিভেট ফান্ড একাউন্ট হইতে ১২,০০,০০০/- ( বার লক্ষ ) টাকা ঋণ গ্রহণের বিষয় অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত : অনুমোদন করা গেল । তবে সাধারণ তহবিলে পর্যাপ্ত অর্থ জমা হইলে উক্ত অর্থ প্রতিভেট ফান্ড হিসাবে ফেরৎ দিতে হইবে ।

প্রসূাব নং-১১ : সেনানিবাস কবরস্থানে দাফনের পূর্বানুমতির আবেদন ।

লেঃ কর্নেল এমদাদ উদ্দিন আহমেদ, এ ই সি, জি এস ৩-১ সেনাসদর, শিক্ষা পরিদপ্তরের গত ১১-৮-৯২ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে সেনানিবাস কবরস্থানে তাঁহার পিতার কবরের পার্শ্বে তাঁহার মাতার কবরের স্থান বরাদ্দের বিষয় পর্যালোচনা ও বিবেচনা করণ ।

গৃহীত সিদ্ধান্ত : ইতিপূর্বে পিতার কবরটি বড় করিয়া বাঁধানোর প্রেক্ষিতে উক্ত প্রাচীরের মধ্যেই আরেকটি কবর দেওয়া সম্ভব বিধায় মানবিক কারণে বিশেষ বিবেচনায় লেঃ কর্নেল এমদাদ উদ্দিন আহমেদের ( এ ই সি, জি এস ৩-১, সেনাসদর, শিক্ষা পরিদপ্তর ) পিতার কবরের পার্শ্বে তাঁহার মাতার কবরের স্থান বরাদ্দ করা হইল । তবে পরবর্তীতে এই ধরনের কোন আবেদন বিবেচনা করা হইবে না বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রসূাব নং-১২ : ক্যাশনমেন্ট জেনারেল হাসপাতালের সম্প্রসারণ ।

ঢাকা ক্যাশনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের নীচ তলায় বাথরুমসহ ৪টি কক্ষ এবং দোতলায় বাথরুমসহ ৪টি কক্ষ সম্প্রসারণের নিমিত্ত মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত : হাসপাতাল সম্প্রসারণের নিমিত্ত নীচ তলা ৮,৬৭,৮৫২\*৯৬ টাকা, দোতলা ৫,০৫,৩৯৬\*৯৭ টাকা ও ড্রেন ২,০৪,৬৭৫\*৯৩ টাকাসহ সর্বমোট ১৫,৭৭,৯২৫\*৮৩ টাকার মূল্যানুমান ( এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক ) অনুমোদন করা হইল । চূড়ান্ত অনুমোদন ও অর্থ বরাদ্দের নিমিত্ত "সাত্ত্বস" অধিদপ্তরে প্রসূাব প্রেরণের নিমিত্ত সি, ই, ৩, ঢাকাকে অনুরোধ করা গেল ।

প্রসূাব নং-১৩ : শহীদ সরণীশ্ব বি এন এস হাজী মহসিন এর সম্মুখে ও অন্যান্য স্থানে রোড ডিভাইজার স্থাপন করণ প্রসংগে ।

শহীদ সরণীশ্ব বি এন এস হাজী মহসিনের সম্মুখে ও উক্ত সড়কের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে রোড ডিভাইজার স্থাপনের নিমিত্ত মোট ৬৪,৪৫৪/= ( চৌষট্টি হাজার চারশত চুয়ানু ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।

গৃহীত সিদ্ধান্ত : উপরোক্ত ডিভাইজার স্থাপনের নিমিত্ত ৬৪,৪৫৪\*০০ টাকার মূল্যানুমান ( ৬৯৯০ ইং সনের এমইএস সিডিউল অব রেইটস মোতাবেক ) অনুমোদন করা গেল । এ ব্যাপারে অধিদপ্তরে প্রসূাব প্রেরণ করা হউক ।

প্ৰস্তাব নং-১৪ : আদমজী কলেজের শিক্ষকদের বাসা ভাড়া প্ৰসংগে ।

ক্যাণ্টনমেন্ট বোর্ডের বাসস্থানে আদমজী কলেজের যে সমস্ত শিক্ষক বসবাস করিতেছেন তাঁহাদের নিকট হইতে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক যে হারে টাকা কর্তন করা হয় উক্ত টাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডে জমা করার ব্যাপারে অথবা তাঁহাদের বাসস্থান মেরামত করার ব্যাপারে প্ৰয়োজনীয় অর্থ আদমজী ক্যাণ্টনমেন্ট কলেজ কর্তৃপক্ষের নিকট হইতে আদায় করা প্ৰসংগে আলোচনা করতঃ সিদ্ধান্ত গ্ৰহণ করা ।

গৃহীত সিদ্ধান্ত :- বিষয়টি বিশদ আলোচনায় দেখা যায় যে, উক্ত বাড়ীগুলিতে রক্ষাবেহীন/মেরামত বাবদ প্রতি বৎসর প্ৰচুর অর্থ ব্যয় হয় । সে তুলনায় মাসিক ভাড়া নির্দিষ্ট বিধায় আয় হয় খুবই কম । উক্ত কারণে বসবাসকারী / বরাদ্দলাভকারী শিক্ষকগণের নিকট হইতে সরকারী বিধি মোতাবেক বাড়ী ভাড়া ভাড়া এবং  $\frac{১}{২}$  % -র ভাড়া বাবদ যে অর্থ আদায় করা হয় উহার সমুদয় টাকাই আদমজী কলেজ কর্তৃপক্ষ ক্যাণ্টনমেন্ট বোর্ডকে প্ৰদান করিবেন বলিয়া সিদ্ধান্ত গৃহীত হইল । এই সিদ্ধান্ত অনতি বিলম্বে কার্যকরী করার জন্য উক্ত কলেজ কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করা হইল ।

প্ৰস্তাব নং-১৫ : ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটে নব-নির্মিত সিঁড়ি সংলগ্ন দোকান দুই বরাদ্দ প্ৰসংগে ।

ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের পশ্চিম পার্শ্ব সিঁড়ি সংলগ্ন দোকান দুইটি মেসার্স বেংগল কালার ফটো ইন্ডাস্ট্রিজকে বরাদ্দ দানের নিমিত্ত গত ১৯-৫-৯২ ইং তারিখের ১৩ নং সিদ্ধান্তে নির্মাণ ব্যয় বাবদ ২, ৩২, ০৮৪\*০০ টাকা এবং ১, ৩৯৭\*৫০ টাকা মাসিক ভাড়া পরিশোধ সাপেক্ষে বরাদ্দদের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে । এই মর্মে অত্র দপ্তরের ০৭-৫-৯২ ইং তারিখের ঢাক্যাবো/ক্যাঃ সুঃ মাঃ/সাঃ/১/২৩৭ নং পত্রের প্রেক্ষিতে বেংগল কালার ফটো ইন্ডাস্ট্রীর মালিক ০৬-৬-৯২ ইং তারিখে তাঁহার লিখিত আবেদনের মাধ্যমে উপরোক্ত বোর্ড সিদ্ধান্তের উপর আংশিক বিষয়ে পুনঃ বিবেচনার জন্য অনুরোধ/মতামত ব্যক্ত করেন । অধিদপ্তরের ১৩-৮-৯২ ইং তারিখের ৭/এমএলএনজসি/ঢাকা/১৩০-৬/শা-৮/২৯ নং পত্র এবং তাঁহার উল্লিখিত অনুরোধ বিবেচনা করা ।

গৃহীত সিদ্ধান্ত :- মেসার্স বেংগল কালার ফটো ইন্ডাস্ট্রীর সুস্বাধিকারীর ০৬-৬-৯২ ইং তারিখের আবেদন বিবেচনা করা গেল না । এ ব্যাপারে ক্যাণ্টনমেন্ট বোর্ডের ১৩-৫-৯২ ইং তারিখের সভার ১৩ নং সিদ্ধান্ত অপরিবর্তিত থাকিবে ।

প্ৰস্তাব নং-১৬ : ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের ছাদের উপর গার্মেন্টস শিল্প স্থাপন প্ৰসংগে ।

'সাত্তুস' অধিদপ্তরের ০৪-৬-৯২ ইং তারিখের ৭/এমএলএনজসি/ঢাকা/১৩০-এ-২/৯ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্ৰহণ করা । এ ব্যাপারে বোর্ড কর্তৃক আরোপিত শর্তাবলী আইন উপদেষ্টার মতামত এবং প্রকৌশলীর কারিগরী সুপারিশসহ উপস্থাপন করা গেল ।

গৃহীত সিদ্ধান্ত :- গার্মেন্টস শিল্প স্থাপনের বিষয়টি আপাততঃ বিবেচনা করা গেল না । এ ব্যাপারে ভবিষ্যতে কেউ দরখাস্ত করিলে সি, ই, ও, সরাসরি উহা প্রত্যাখ্যান করিতে পারিবেন ।

প্ৰস্তাব নং-১৭ : ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকার ৮৪ সাবেক বাণিজ্যিক-২৭ ১ নং প্লটের বিষয়ে মাননীয় হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-১৮৮৩/৯২ পরিচালনা প্ৰসংগে ।

সেনান্সদর, কিউ এম জি'র শাখা, এমএন কিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১২-৪-৯৯বাংলা/২৭-৭-৯২ ইং তারিখের ৩৯৯৭/২/ঢাকা-৮/এমকিউ-২ নং পত্রের প্রেক্ষিতে আলোচনা করা ।

গৃহীত সিদ্ধান্ত :- বিষয়টি অবহিত হওয়া গেল ।

নং-১৮ : সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের ব্যাপারে বিভিন্ন আবেদনকারীর নক্সা অনুমোদন করণ ।

সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের ব্যাপারে বিভিন্ন আবেদনকারীর নক্সা অনুমোদন করণ ।

সিদ্ধান্ত :- সেনানিবাস এলাকায় বাড়ী নির্মানের নিমিত্ত নিম্নবর্ণিত আবেদনকারীদের বাড়ীর নক্সা অনুমোদন করা গেল :-

ক্রমিক নং	বাড়ীর মালিকের নাম	প্লট নম্বর	এলাকার নাম
১।	ক্যাঞ্চেন এস এম এইচ কবির	৪৪৯	মহাখালী ডিওএইচএস (সংশোধিত)
২।	সুগেডিয়ান (অবঃ) চৌধুরী খালেকুজ্জামান	বি-১২০	-
৩।	মিসেস সালমা বেগম	৬৭/এ	ক্যাণ্টনমেন্ট বাসিন্দা এলাকা, ঢাকা ক্যাণ্টন
৪।	আযশা আজিজ খান, আবিদা আজিজ খান, আজিজা আজিজ খান, সবিতা-মোঃ আজিজ খান	১৪/এ	-


স্টেশন সদর দপ্তরের পত্র নং-৭০৩/২/কিউ-৩, তারিখ ২৯-৭-৯২ হং এর পত্র মারফত ১৪/এ, প্লটটিতে ২ (দুই) তলা নির্মানের অনুমোদন পত্র দিয়াছেন। তবে শর্ত দিয়াছেন উক্ত দুইতলার উপর আর কোন নির্মাণ কাজ করা যাইবে না।

সুবি নং-১১ : বিবিধ :

- (ক) শহীদ সরঞ্জার সিগন্যাল গেট হইতে শহীদ বাশার রোড পর্যন্ত সোডিয়াম বাটি অপসারণ করণে তদন্ত হলে ৪'-০" টিউব লাইট স্থাপনের নিমিত্ত মোট ৮৪, ৭৩৪/- (চুরাশি হাজার সাতশত চৌত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ ।
- (খ) ১৫, আকাস গার্ডেন, নিউ এয়ারপোর্ট রোড, মহাখালী, ঢাকা এর মালিক রোজী শরীফের ১৬-৮-৯২ হং তারিখের আবেদন অনুযায়ী ব্যাংক হইতে ঋণ গ্রহণের নিমিত্ত ছাড়পত্র প্রদানের বিষয় বিবেচনা করণ ।
- (গ) জনাব আগা আবদুল কাইয়ুম, ৯/সি ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস কর্তৃক অবৈধ ভাবে দখলকৃত জায়গা ছাড়িয়া দেওয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।
- (ঘ) ক্যাণ্টনমেন্ট বোর্ডের কন্সারভেটরী শাখার ঋতুদারদিগকে জাতীয় বেতন স্কেলের আওতাধীন নির্ধারিত হারে বেতন প্রদানের বিষয় বিবেচনা করণ ।
- (ঙ) বচুমত এলাকায় ভেঁন নির্মানের মূল্যানুমান অনুমোদন করণ ।
- (চ) জনাব সৈয়দ ফকরুল ইসলামের পিতা-লেঃ কর্ণেল সৈয়দ মাসুদুল ইসলামের কবর পাকা করার বিষয়ে তাঁহার ১৭-৬-৯২ হং তারিখের আবেদন এবং মোঃ ফয়সাল রহমানের পিতা-কর্ণেল মুজিবুর রহমানের কবর পাকা করার বিষয়ে তাঁহার ১৮-৮-৯২ হং তারিখের আবেদন বিবেচনা করা ।
- (ছ) ক্যাণ্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বাস স্থানের বিষয়ে আলোচনা করা ।
- (জ) ক্যাণ্টনমেন্ট বাজার এলাকার ২, ৩ নং রোড, সেন্ট্রাল রোডের আংশিক এবং ৭-৮ এর সংযোগ সড়কের মূল্যানুমান (৫, ৩৪, ৫১০\*০০ টাকা) অনুমোদন পূর্বক ১৮% নিম্নে ১ নং ও ৮ নং রোডের ঠিকাদারকে কার্যাদেশ প্রদানের বিষয়ে আলোচনা করা ।
- (ঝ) শহীদ জাহাঙ্গীর রোড (বাজার এলাকায়) আংশিক মেয়ামতের জন্য (১ নং রোড হইতে এয়ার হাউসের কোনা পর্যন্ত) মূল্যানুমান অনুমোদন করা (৪, ৬০, ৪৬০\*০০ টাকা) ।
- (ঞ) এয়ার হাউসের পিছনে অবস্থিত ব্যক্তিদের ঘাতাঘাত রোধে কাঁটা তারের বেড়া স্থাপনের মূল্যানুমান (৩০, ০০০\*০০ টাকা) অনুমোদন করণ (বাড়ী নং-১ বি হইতে পিলার নং-৫১৭ পর্যন্ত) ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

- (৮) সেশন সদর দপ্তরের ১৮-৮-১২ ইং তারিখের ৭০০/১/ডিএইচএস/কিউ-১ নং প্রেরণ প্রেক্ষিতে মহাখালী ডিএইচএস প্লট নং-৪৪১ এ গ্রাইডেট ক্লিনিক স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।
- (ঠ) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের ছাদে ৪০'x১০' সাইজের হোর্ডিং বোর্ড লাগানোর জন্য মেসার্স বংগ জৈয়তির ১৭-৫-১২ ইং তারিখের আবেদন বিবেচনা করা।
- (ড) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার প্লট নং-১০/এ, এর মালিক জনাব মোঃ মুসার গত ২৪-৮-১২ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্লট বিএসএফের অনুমতি দানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহণ।
- (ঢ) কচুক্ষেত এলাকার রানী 'স' মিলের পূর্ব পার্শ্ব সাদলী ইন্টারন্যাশনাল লিঃ কার্ভের নামে গার্মেন্টস ব্যবসার জন্য ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহণ করা।
- (ণ) সেনানিবাস এলাকায় বিভিন্ন স্থানে ১৫ টি ডাকটিন নির্মাণের ৬২,০৪২\*২৫ টাকার এমইএস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক > মূল্যানুমান ও সর্বনিম্ন দরপত্র বিবেচনা ও অনুমোদন করণ।
- (ত) শহীদ সরণীর সিগন্যাল গেট হইতে শহীদ বাশার রোড পর্যন্ত সোডিয়াম বাতি অপসারণ করতঃ তদন্তে ৪'-০" টিউব লাইট স্থাপনের নিমিত্ত মোট ৮৪,৭০৪/= টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। অর্থ বরাদ্দের অনুরোধ জানাইয়া অধিদপ্তরে প্রস্থাব প্রেরণ করা হইল।
- (থ) ১৫, আকাস গার্ডেন, নিউ এয়ারপোর্ট রোড, মহাখালী, ঢাকা এর মালিক রাজী শরীফের ১৬-৮-১২ ইং তারিখের আবেদন অনুযায়ী ব্যাংক হইতে ঋণ গ্রহণের নিমিত্ত ছাড়পত্র প্রদানের বিষয়ে অত্র অফিসের কিছুই করণীয় নাই মর্মে সত্য্য অস্তিত্য বক্তব্য করা হয়।
- (গ) জনাব আগা আবদুল কাইয়ুম কর্তৃক তাঁহার ৯/সি ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় প্লটের সংলগ্ন অবৈধভাবে দখলকৃত জায়গা ছাড়িয়া দেওয়ার জন্য চূড়ান্ত উকিল নোটিশ প্রদান করা হইল। ইহাতে ফলাদয় না হইলে অননুমোদিত ভাবে দখলকৃত জায়গা পুনরুদ্ধার করা হইল।
- (ঘ) সেনা, নো ৩ বিমান কর্তৃপক্ষের সহিত সম্পাদিত চুক্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ পর্যাপ্ত হইলে ক্যান্টনমেন্ট বোর্ডের কন্সারভেটসী শাখার ঋতুদারদিগকে ১৯৯১ ইং সনে ঘোষিত জাতীয় বেতন স্কেলের আলোকে সর্বনিম্ন স্কেলে ভাতাদি সহ বেতন প্রদানের প্রচেষ্টা করা হইবে।
- (ঙ) কচুক্ষেত এলাকায় ভ্রেন নির্মাণের জন্য ৮৭,০০,০০০\*০০ টাকার < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী > মূল্যানুমান অনুমোদন করা গেল। পরবর্তী কার্যক্রমের জন্য বিস্তারিত প্রস্থাব অধিদপ্তরে প্রেরণ করা হইল।
- (চ) গত ১৯-৯-১১ ইং তারিখের ৮ নং সিদ্ধান্তের শর্ত সাপেক্ষে প্রতি কবরের জন্য ১০,০০০\*০০ টাকা জমা করিয়া জনাব মোঃ ফয়সল রহমানের ১৮-৮-১২ ইং তারিখের আবেদন এবং জনাব সৈয়দ ফখরুল ইসলামের ১৭-৬-১২ ইং তারিখের আবেদন অনুযায়ী তাঁহাদের পিতার কবর ২টি পাকা করনের অনুমোদন দেওয়া গেল।
- (ছ) ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের বাসস্থানের অবস্থানের মেয়াদ এবং কর্তনকৃত ভাড়া সম্পর্কে অবহিত হওয়া গেল।
- (জ) ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২, ৩নং রোড, সেন্ট্রাল রোডের আংশিক এবং ৭-৮ এর সংযোগ সড়কের মেয়াদ/কার্পেটিং করনের নিমিত্ত ৫, ০৪, ৫১০\*০০ টাকার মূল্যানুমান অনুমোদন করা গেল। কাজগুলি অত্যন্ত জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন বিধায় ইতিমধ্যে ১ নং এবং ৮ নং সড়কের কার্পেটিং কাজের নিয়োজিত ঠিকাদার তাঁহার ইতিপূর্বে উদ্ধৃত দরে < এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং এর ১৮% নিম্নে > এই কাজগুলি করিতে রাজী থাকিলে তাঁহাকে কার্যাদেশ দেওয়া হইল। অন্যথা জরুরী ভিত্তিতে দরপত্র আহবান করা হইল। অর্থ বরাদ্দের জন্য 'সাতুস' অধিদপ্তরে প্রস্থাব প্রেরণ করা হইল।



- (ঝ) ক্যাণ্টনমেন্ট বাজার এলাকার শহীদ জাহাংগীর রোড আংশিক দেওয়ালের জন্য ১ নং রোড হইতে এয়ার হাউজের কোনা পর্যন্ত ৪,৬০,৪৬০\*০০ টাকার (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক) মূল্যানুমান অনুমোদন করা গেল। পরবর্তী অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য অধিদপ্তরে প্রস্তুত প্রেরণ করা হউক।
- (ঞ) এয়ার হাউজের পিছনে অবস্থিত ব্যাবিদের যাতায়াত রোডে কাঁটা তারের বেড়া স্থাপনের ৩০,০০০\*০০ (ত্রিশ হাজার) টাকার (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং অনুযায়ী) মূল্যানুমানটি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হউক।
- (ট) সেশন সদর দপ্তরের ১৮-৮-৯২ ইং তারিখের ৭০০/১/ডিএইচএস/কিউ-১ নং পত্রের প্রেক্ষিতে মহাখালী ডিএইচএস এলাকার ৪৪৯ নং প্লটে গ্রাইভেট ক্লিনিক স্থাপনের বিষয়টি অনুমোদন করা গেল না।
- (ঠ) ক্যাণ্টনমেন্ট সুপার মার্কেটের ছাদে ৪০'x১০' সাইজের হোর্ডিং বোর্ড লাগানোর জন্য মেসার্স বংগ জ্যোতির ১৭-৫-৯২ ইং তারিখের আবেদনটি অনুমোদন করা গেল। তাহাদিগকে যথা বিধি কি প্রদান করিতে হইবে।
- (ড) ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকার প্লট নং-১০/এ এর মালিক জনাব মোঃ মুসার গত ২৪-৮-৯২ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্লট বিক্রয়ের অনুমতি প্রদান করা গেল। মূল ইজারা গ্রহীতা জনাব সিরাজুল ইসলাম চৌধুরী এবং একতা জনাব মোঃ মুসার ১৮-৭-৬৭ ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব সিরাজুল ইসলাম চৌধুরীর পরিবর্তে জনাব মোঃ মুসার নামে নাম অত্র দপ্তরের সকল রেকর্ডপত্রে অন্তর্ভুক্ত করতঃ তাঁহার বিলিৎ প্রদান অনুমোদন এবং তাঁহার নিকট হইতে খাজনা, ট্যাক্স ইত্যাদি আদায় করা হইলেও জনাব মুসার নামে উল্লিখিত প্লটের নামানুর আদেশের কোন কপি সংশ্লিষ্ট নথিতে পাওয়া যাচ্ছে না। এমতাবস্থায় ১০/এ নম্বর প্লটটি যথার্থীতি কি আদায় সাপেক্ষে জনাব মোঃ মুসার নামে নামানুর করণ ঘটনাক্রমে অনুমোদন করা গেল।
- (ঢ) কচুক্ষেত এলাকার রানী 'স' মিলের পূর্ব পার্শ্বে সাদলী ইন্টারন্যাশনাল লিঃ ফার্মের নামে গার্মেন্টস ব্যবসায় জন্য ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে গুজ্ঞানুপুঞ্জ রূপে ইহার সুবিধা / অসুবিধা যাচাই পূর্বক এই ব্যাপারে পরবর্তী বোর্ড মিটিংয়ে একটি প্রতিবেদন উপস্থাপনের জন্য বোর্ডের সম্মানিত সদস্য ফার্নেস (অবঃ) এ বি এম এ রশিদকে অনুরোধ করা গেল।
- (ণ) সেনানিবাস এলাকায় ১৫টি পাকা ভাষ্কর নির্মাণের জন্য সর্বনিম্ন দরদাতা মেসার্স জি এম ট্রেডার্স এর ২২\*৫০% নিম্নে (এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯০ ইং মোতাবেক) সর্বনিম্ন দরটি অনুমোদন করা গেল।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

( মোঃ আবদুল করিম )  
সেপ্টেম্বরী,  
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।

( কর্নেল মনিরুজ্জামান খান, পিএসসি, )  
প্রেসিডেন্ট,  
ক্যাণ্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যাণ্টনমেন্ট।